

অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন
মন্ত্রণালয় / বিভাগের নাম- বিআইডব্লিউটিএ

মাসের নাম : জানুয়ারী/২০২২ইং

বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	নতুন অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ		নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা		মন্তব্য
পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে				৩ মাসের উর্কে	৬ মাসের উর্কে			
১	২	৩	৪	৫	৬		৭	৮	৯
১টি	নাই	১টি	নাই		<p>পূর্বের মাসের ৩ টি এবং বর্তমান মাসের নতুন ১টি সহ মোট ৪ টি অভিযোগের বিবরণঃ</p> <p>১ টি নতুন অভিযোগঃ</p> <p>গত ২৫/১২/২০২১ইং তারিখ সকাল ৬.৩০ ঘটিকার সময় বিআইডব্লিউটিএ'র পাটুরিয়া পাইলট বিশ্রামাগারের উঠানে জনাব মোঃ মাকছুদের রহমান, পাইলট, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা কর্তৃক আনীত অভিযোগে উল্লেখ করা হয় যে, “পাটুরিয়া হতে কাজীর হাট, নটাখোলা, নগরবাড়ীর উদ্দেশ্যে জলযানে পাইলট অনবোর্ড হয়ে পথিমধ্যে না নেমে যে জলযান যে স্টেশনে যাবে সে স্টেশনে জলযানটি পৌঁছে দিয়ে আসলে ভাল হয়”। তিনি এ কথা বলার কিছুক্ষণ পর জনাব মোঃ রোকন উদ্দিন, পাইলট দৌড়ে এসে জনাব মোঃ মাকছুদের রহমান এর উপর অতর্কিতভাবে এলোপাথারি চর-মুষ্টি মারতে থাকে। তখন জনাব মোঃ মাকছুদের রহমান পিছনে সরে আসেন এবং আত্মরক্ষা করেন। এ বিষয়ে জনাব মোঃ মাকছুদের রহমান, পাইলট কর্তৃক জনাব মোঃ রোকন উদ্দিন, পাইলট এর বিরুদ্ধে অভিযোগ দাখিল করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য গত ২৬/০১/২০২২ইং তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।</p> <p>৩ টি পুরাতন অভিযোগঃ</p> <p>০১। জনাব মোঃ আব্দুল মোতালেব, মাষ্টার পাইলট সুপারভাইজার, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম এর বিরুদ্ধে অনৈতিক কাজ ও ভিন্ন কৌশলে অর্থ আত্মসাৎ করা এবং হযরানির বিষয়ে জনাব মোঃ শফিকুর রহমান, পরিচালনাকারী ম্যানেজার, ফয়সাল নেভিগেশন কোম্পানী(মোবাইল নং ০১৬১২-৯০০৩০০) কর্তৃক সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা বরাবর অভিযোগপত্র দাখিল করা হয়। বর্ণিত অভিযোগের বিষয়ে তদন্ত করে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য অভিযোগ পত্রটি এ কর্তৃপক্ষে প্রেরণ করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য গত ০৬/১২/২০২১ইং তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।</p> <p>০২। জনাব মোঃ জহিরুল ইসলাম, পরিবহন পরিদর্শক, নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ, বিআইডব্লিউটিএ, পটুয়াখালী এর সাথে আউলিয়াপুর-চরমোহন নৌ-কন্ট্রোল ট্রলার মালিক জনৈক জনাব মুহিবুল এর কথোপকথনের একটি অডিও ক্লিপ বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান প্রাপ্ত হয়েছেন। উক্ত অডিও ক্লিপে ট্রলার/জাহাজের কাগজপত্র করে দেয়ার নামে জনাব বিল্লাল খন্দকার, মনির বয়াতি, মুহিবুল ও সাইফুল চৌকিদারের নিকট হতে অর্থ গ্রহণ করা হয়েছে মর্মে অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য গত ০৬/১২/২০২১ইং তারিখ তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত কর্মকর্তা কর্তৃক প্রতিবেদন দাখিল করা হয়েছে। প্রতিবেদনের প্রেক্ষিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।</p>				

					<p>০৩। জনাব মোঃ মাজহারুল ইসলাম, সহকারী, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, সদরঘাট, ঢাকা চাকুরী দেয়ার প্রলোভন দেখিয়ে জনৈক জনাব মোঃ নূর হোসেন সিকদারের নিকট হতে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, জনাব মোঃ আব্দুল রহিম-১, অবসর প্রাপ্ত পাইলট, বিআইডব্লিউটিএ'র নিকট হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং জনাব মোঃ আক্বাছ আলীর নিকট হতে ১,৯০,০০০/- (এক লক্ষ নব্বই হাজার) টাকা গ্রহণ করেন। চাকুরী না হওয়ায় বারংবার টাকা ফেরৎ চাওয়া হলে জনাব মোঃ মাজহারুল ইসলাম টাকা ফেরৎ না দেয়ায় তার বিরুদ্ধে কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট পৃথক ৩(তিন)টি লিখিত অভিযোগ দাখিল করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য গত ২৩/১২/২০২১ইং তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।</p>			
--	--	--	--	--	---	--	--	--

AL
০১/০২/২০২২

মোঃ আহসান হাবীব
সহকারী সমন্বয় কর্মকর্তা
বিভাগীয় মামলা সেল

০১/০২/২০২২

মোঃ আব্দুর রাজ্জাক
উপ-পরিচালক (মানব সম্পদ)

এস এম শাহেদ রেজা
সুপা-পরিচালক (মানব সম্পদ)

স্বাক্ষর-

০১.০২.২০২২
নামঃ মুহাম্মদ আবু জাফর হাওলাদার
পদবীঃ পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ)
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
ফোনঃ ০২২২৩৩৮৪৬৩৪
ই-মেইলঃ dadmin@biwta.gov.bd
বিআইডব্লিউটিএ'র হট-লাইন-১৬১১৩